

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

স্মারক নং- ১০১৫

-জি

তারিখঃ ০৭.০২.২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ- মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ৩(তিন) জন মাননীয় বিচারক-কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বিচারক হিসেবে নিয়োগের প্রেক্ষিতে তাঁদের শপথ গ্রহণ সংক্রান্ত।

মহামান্য রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৫(১)-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক ১। বিচারপতি মির্জা হোসেন হায়দার ২। বিচারপতি মোঃ নিজামুল হক এবং ৩। বিচারপতি মোহাম্মদ বজলুর রহমান-কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বিচারক হিসেবে নিয়োগ প্রদান করেছেন। তাঁদের উক্ত নিয়োগের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কর্তৃক ২৫ মাঘ ১৪২২ বঙ্গাব্দ, ০৭ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৮.১১.০০১.১৬-৯৯ নম্বর প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

২। আগামী ২৬ মাঘ ১৪২২ বঙ্গাব্দ, ০৮ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ রোজ সোমবার সকাল ১০ঃ০০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের জাজেস লাউঞ্জে নবনিয়োগকৃত মাননীয় বিচারকগণকে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি শপথ পাঠ করাবেন।

৩। এমতাবস্থায়, উক্ত অনুষ্ঠানের সংবাদ সংগ্রহ ও চিত্র ধারণ করার জন্য আপনার কর্যালয়ের সংশ্লিষ্ট সাংবাদি/ফটোগ্রাফার/ক্রু-গণকে প্রয়োজনীয় কারিগরী যন্ত্রপাতিসহ যথাসময়ে শপথ পাঠ অনুষ্ঠানে উপস্থিত থাকার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

স্বা/-


(মোঃ আজিজুল হক)  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)  
ফোন-৯৫৬৬৮২৬।  
E-mails [aziz\\_dr@supremecourt.gov.bd](mailto:aziz_dr@supremecourt.gov.bd)

স্মারক নং- ১০১৫ (৪) -জি,

তারিখঃ ০৭.০২.২০১৬ খ্রিঃ।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান তথ্য অফিসার তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সবিচবালয়, ঢাকা।
- ২। পরিচালক(বার্তা), বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
- ৩। পরিচালক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
- ৪। চীফ রিপোর্টার, বাসস, ৬৮/২, পুরানা পল্টন, ঢাকা (সকল প্রিন্টিং এবং ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)।
- ৫। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। [ওয়েব সাইটে প্রচারের জন্য]
- ৬। ইউএনবি কসমস সেন্টার, ৬৯/১, নিউ সার্কুলার রোড, মগবাজার, ঢাকা।

  
০৭.০২.১৬  
(মোঃ তাহিম বিল্যাহ)  
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)